মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপের মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

মেহেরপুরিয়ান গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল আরোহীদের মধ্যে ১ হাজার মাস্ক ও ৬০০ হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করা হয়।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ও গাংনীতে ফরিদ সিকদার ফাহিম এই কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক ও হ্যান্ডস্যানিটাইজার বিতরণ করেছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুরিয়ান গ্রুপের এডমিন নাইমুল ইসলাম, রাব্বি হোসেন, এস আই শাকিল, রাজা,মোহাম্মদ রাজন ও বানী আমিন প্রমুখ।

স্বাস্থ্য অধিদফতরের নতুন মহাপরিচালক হচ্ছেন ডা. এনায়েত

স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক হিসেবে নিয়োগ পাচ্ছেন অধ্যাপক ডা. এ. এইচ. এম এনায়েত হোসেন। বৃহস্পতিবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। সর্বশেষ তিনি স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

এদিকে স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক হচ্ছেন ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম।

ডা. এনায়েত হোসেন সিলেট মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করে ১৯৮৯ সালে ৮ম বিসিএস ক্যাডারে নিয়োগ পান। সিলেট মেডিকেল কলেজ হাসপাতালে দীর্ঘদিন মেডিকেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন এ চিকিৎসক।

২০০৩ সালে রংপুর মেডিকেল ও ২০০৭ সালে জাতীয় চক্ষুবিজ্ঞান ইন্সটিটিউশনে পরিচালক হিসেবে নিয়োগ পান তিনি। ২০১৫ সালে স্বাস্থ্য অধিদফরের ডাইরেক্টর (এনসিডিসি) হিসেবে নিয়োগ দেয়া হয়। পরে তিনি অতিরিক্ত মহাপরিচালক (এজিডি) পদে দায়িত্বপ্রাপ্ত হন।

এর আগে বৃহস্পতিবার করোনা ভাইরাস পরীক্ষা নিয়ে বিভিন্ন হাসপাতালের প্রতারণা নিয়ে তোলপাড়ের মধ্যেই স্বাস্থ্য অধিদফতরের হাসপাতাল শাখার পরিচালক ডা. আমিনুল হাসানকে ওএসডি (বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) করা হয়েছে। তার স্থলে নতুন পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে ডা. ফরিদ হোসেন মিয়াকে।

মৎস্য সপ্তাহ উপলক্ষে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২০ উপলক্ষে ৩য় দিনের কর্মসূচি হিসাবে মুজিবনগরে মাছে ক্ষতিকর রাসায়নিক প্রয়োগ বিরোধী অভিযান ও মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

বৃহস্প্রতিবার সকাল থেকে দুপু্র প্রর্যন্ত উপজেলার বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম এ অভিযানে নেতৃত্ব দেন।

অভিযান চলাকালীন সময়ে কেদাগন্জ বাজারসহ বিভিন্ন জায়গায় মাছের ফরমালীন পরিক্ষা করা হয়।

কোন মাছে ফরমালীন পাওয়া যায়নি বলে জানিয়েছেন মৎস অফিসার শহিদুল ইসলাম।

এদিকে অভিযান চলাকালীন সময়ে ভৈরব নদীতে কারেন্ট জাল দেখতে পাওয়ায় জাল পুরিয়ে দেওয়া হয়।

এ সময় মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিব উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনায় মৃত্যু

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে। বুধবার (২২ জুলাই) দিবাগত রাত ১২ টায় টুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত মকবুল হোসেন (৮০) কলেজপাড়ার মৃত এনাম আলীর ছেলে ও পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আলম হোসেনের পিতা। শহরের প্রসিদ্ধ ‘মকবুল ক্লথ স্টোর‘র স্বত্তাধিকারী ছিলেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, মৃত মকবুল হোসেনের জ্বর ও শ্বাসকষ্টসহ করোনার অনেকগুলো উপসর্গ ছিল। তার নমুনা সংগহ্র করা হয়েছে। তিনি জানান, এ নিয়ে আলমডাঙ্গায় করোনা উপসর্গে মারা গেলেন চারজন। করোনাভাইরাসে মারা গেছেন একজন। মোট আক্রান্তের সংখ্যা ১০৫ জন।

জানা গেছে, মকবুল হোসেন কিছুদিন যাবৎ বয়সজনিত নানা সমস্যায় ভুগছিলেন। এরমধ্যে তার জ্বর ও শ্বাসকষ্ট দেখা দেয়। অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি বুধবার দিবাগত রাত ১২ টার দিকে মারা যান।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে সরকারী নিয়মানুযায়ী জানাজা শেষে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে দাফন করা হয়। এ সময় জানাজায় অংশ নেন পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলম হোসেনসহ পরিবারের সদস্যবৃন্দ।

৬শ’ বস্তিবাসীকে ফ্ল্যাটের চাবি দিলেন প্রধানমন্ত্রী

৬শ’ বস্তিবাসীকে ফ্ল্যাটের চাবি হস্তান্তর করা হয়েছে। বৃহস্পতিবার ভার্চুয়াল প্ল্যাটফর্মে গণভবন থেকে প্রধানমন্ত্রী উপকারভোগীদের কাছে ফ্ল্যাটের চাবি হস্তান্তর করেন। শেখ হাসিনা আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় বস্তিবাসীদের ফ্ল্যাট দেয়া হলো।

কক্সবাজার সদরের খুরুশকুল ইউনিয়নের বাঁকখালী নদীর তীর ঘেঁষে এই ফ্ল্যাটগুলো নির্মাণ করা হয়েছে। এ প্রকল্পের প্রথম পর্যায়ে ২০টি পাঁচতলা ভবনের কাজ শেষ হয়েছে। সেখানে বিমানবন্দর সম্প্রসারণের কারণে ক্ষতিগ্রস্ত জলবায়ু উদ্বাস্তু ৬০০ পরিবারকে ফ্ল্যাট দেয়া হয়েছে। বৃহৎ এ প্রকল্পে পর্যায়ক্রমে ৪ হাজার ৪৪৮টি পরিবার ফ্ল্যাট পাবে।

১৯৯১ সালের প্রলয়ংকারী ঘূর্ণিঝড় ও জ্বলোচ্ছাসে কক্সবাজারের উপকূলীয় এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। মহেশখালী কুতুবদিয়াসহ উপকূলের বিশাল এলাকা সমুদ্রে বিলীন হয়ে যায়। এতে গৃহহারা হয়ে পড়ে হাজার হাজার মানুষ। এসব মানুষ জীবনের তাগিদে আশ্রয় নেয় কক্সবাজার শহরের বিমানবন্দরের পশ্চিমে বালিয়াড়ী ও ঝাউবাগান এলাকায়,যা পরবর্তীতে কক্সবাজার পৌরসভার ১ নং ওয়ার্ডে রূপান্তরিত হয়। যেখানে বর্তমানে প্রায় ৩০ হাজার মানুষ বসবাস করছে।

বিমানবন্দর সম্প্রসারণের লক্ষ্যে পৌরসভার ১ নম্বর ওয়ার্ডের কুতুবদিয়া পাড়া, নাজিরাটেক এবং সমিতি পাড়া এলাকার বিপুল পরিমাণ ভূমি অধিগ্রহণ করে সরকার। অধিগ্রহণের আওতায় পড়া জমিতে ৪ হাজার ৪০৯টি পরিবার বাস করত। ২০১১ সালে ৩ এপ্রিল প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারে এক জনসভায় এসব উদ্বাস্তু পরিবারের জন্য পুনর্বাসনের নির্দেশনা দেন। পরিপ্রেক্ষিতে ২০১৪-১৫ অর্থবছরে গ্রহণ করা হয় খুরুশকুল আশ্রয়ণ প্রকল্প, যার নাম দেয়া হয়েছে ‘শেখ হাসিনা আশ্রয়ণ প্রকল্প’। সেনাবাহিনীর তত্ত্বাবধানে প্রথমে ৫ তলাবিশিষ্ট ১৯টি ভবন নির্মাণ করা হয়েছে। আরও ভবন নির্মাণ করা হবে, যেখাবে ক্ষতিগ্রস্ত সব পরিবারের পুনর্বাসন করা হবে।

উল্লেখ্য, দেশে এটিই প্রথম সর্ববৃহৎ এবং সর্বাধিক বাজেটের আশ্রয়ণ প্রকল্প। প্রকল্প বাস্তবায়ন করতে প্রায় ২৫৩ দশমিক ৩৫০ একর জমি অধিগ্রহণ করা হয়। এ প্রকল্পে ১৩৯টি ৫ তলা ভবন নির্মাণ করা হবে। যার মধ্যে শেখ হাসিনা টাওয়ার নামে একটি ১০ তলা বিশিষ্ট সুউচ্চ ভবনও থাকবে। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে ২০১৭ সালে প্রকল্পটির কাজ শুরু হয়। প্রকল্পের বাকি ভবনগুলোর কাজও এগিয়ে চলছে। সূত্র- যুগান্তর

ব্রাজিলে একদিনেই ৬৮ হাজার আক্রান্তের রেকর্ড

কোভিড-১৯ মহামারীতে বিপর্যস্ত ব্রাজিল। কিছুতেই নিয়ন্ত্রণে আসছে না মৃত্যু ও আক্রান্তের সংখ্যা। সব রেকর্ড ভেঙে চুরমার করে দিয়ে গত ২৪ ঘণ্টায় দেশটিতে ৬৮ হাজার মানুষের দেহে করোনাভাইরাস শনাক্ত হয়েছে। খবর এপি ও নিউইয়র্ক পোস্টের।

ব্রাজিলের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাত দিয়ে উল্লেখিত দুটি গণমাধ্যমের খবরে বলা হয়েছে, স্থানীয় সময় বুধবার পর্যন্ত ২৪ ঘণ্টায় ব্রাজিলে ৬৭ হাজার ৮৬০ জনের দেহে করোনাভাইরাসের উপস্থিতি শনাক্ত করা হয়েছে। যেটি গত সাত মাসে দেশটিতে সর্বোচ্চ আক্রান্তের রেকর্ড। এর আগে ১৯ জুন লাতিন আমেরিকার দেশটিতে সর্বোচ্চ ৫৪ হাজার ৭৭১ জন আক্রান্ত হয়েছিলেন।

চব্বিশ ঘণ্টায় করোনায় আক্রান্তদের মধ্যে ব্রাজিলে ১ হাজার ২৮৪ জনের মৃত্যু হয়েছে। তাতে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৮২ হাজার ৭৭১ জন।

দীর্ঘ লকডাউনের পর ব্রাজিল যখন বিভিন্ন এলাকায় স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড শুরু করতে যাচ্ছে তখনই ২৪ ঘণ্টায় সর্বোচ্চ সংখ্যক মানুষ আক্রান্তের রেকর্ড হলো।

পৃথিবীতে যুক্তরাষ্ট্রের পর ব্রাজিলে সর্বোচ্চ আক্রান্ত ও মৃত্যুর রেকর্ড করোনায়। দেশটিতে ৮২ হাজার ৭০০ জনের বেশি মানুষের

মৃত্যু হয়েছে করোনায়। আর আক্রান্ত হয়েছেন ২২ লাখের বেশি মানুষ। এমনকি ব্রাজিল প্রেসিডেন্ট জাইর বোলসোনারোও করোনায় আক্রান্ত হয়েছেন দুই সপ্তাহ আগে।

করোনায় বিশ্বব্যাপী প্রাণহানি ও আক্রান্তের পরিসংখ্যান রাখা আন্তর্জাতিক ওয়েবসাইট ওয়ার্ল্ডওমিটার বলছে, বৃহস্পতিবার বেলা সাড়ে ১০ টা পর্যন্ত লাতিন আমেরিকার দেশটিতে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন ৮২ হাজার ৮৯০ জন। আক্রান্ত শনাক্ত হয়েছেন ২২ লাখ ৩১ হাজার ৮৭১ জন। সুস্থ হয়ে উঠেছেন ১৫ লাখ ৩২ হাজার ১৩৮ জন।

তালিকায় ব্রাজিলের ওপরে কেবল যুক্তরাষ্ট্র, ৪১ লাখ ছাড়িয়েছে।

বিশেষজ্ঞদের ধারণা, ব্রাজিলে করোনাভাইরাসে আক্রান্ত-মৃত্যুর সংখ্যা অনেক বেশি। দেশটিতে প্রয়োজনের তুলনায় পরীক্ষা করা হচ্ছে খুব কম।

পাঁচ মাস আগে করোনাভাইরাসের সংক্রমণ শুরু হয় ব্রাজিলে। কিন্তু সংক্রমণ রোধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়নি। কভিড-১৯ নিয়ন্ত্রণে লকডাউন ও অন্যান্য বিধিনিষেধের ঘোর বিরোধী দেশটির প্রেসিডেন্ট জাইর বলসোনারো। তার দৃষ্টিতে করোনাভাইরাস ‘সাধারণ ফ্লু’ জাতীয় রোগ। অথচ তিনি নিজেই করোনায় আক্রান্ত!এ কারণে তার ব্যাপক সমালোচনা হচ্ছে।

সূত্র- যুগান্তর

ঈদে স্বাস্থ্যবিধি মেনে চলবে গণপরিবহন, বাড়ছে না ভাড়া

আসন্ন ঈদুল আজহায় স্বাস্থ্যবিধি মেনেই চলাচল করবে গণপরিবহন। পরিবহন মালিক কর্তৃপক্ষ ঈদ উপলক্ষে নতুন করে ভাড়া বৃদ্ধির দাবি তুললেও তা মেনে নেয়নি বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)। বরং চলাচলের অনুমতির শর্তগুলো কঠোরভাবে মানার নির্দেশনা দিয়েছে সংস্থাটি।

গত সোমবার বিআরটিএ কার্যালয়ে মালিক-শ্রমিক সংগঠন, বিআরটিএ, সড়ক ও জনপথ বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্তাব্যক্তিরা বৈঠকে মিলিত হন। বৈঠকে দুই সিটে একটি ফাঁকা রাখায় লোকসান হচ্ছে উল্লেখ করে ভাড়া বৃদ্ধির দাবি উত্থাপন করা হলেও মেনে নেয়নি বিআরটিএ।

বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রমেশ চন্দ্র ঘোষ বলেন, বিআরটিএ-এর সঙ্গে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে যে, সুরক্ষানীতি মেনেই গণপরিবহন চলবে। সুরক্ষানীতি মানার জন্য আমরা মালিকপক্ষকে চিঠি দেব।
তিনি আরও বলেন, ‘শর্ত অনুযায়ী, এক সিট খালি রেখে বাস চলছে। কিন্তু তাতে মালিকদের লোকসান হচ্ছে। এমনিতেই যাত্রী কম, ঈদে তো আরও বেশি লোকসানের সম্ভাবনা রয়েছে। কারণ ফিরতি যাত্রী থাকবে না। এভাবে চলাচল করা খুবই কঠিন। তবুও আমরা সেটা মানার এবং বাস্তবায়নের চেষ্টা করব।’

এদিকে সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব খন্দকার এনায়েত উল্লাহ বলেন, ‘আগের নির্দেশনার মতোই স্বাস্থ্যবিধি মেনে ঈদেও সামাজিক দূরত্ব ও সুরক্ষা নিশ্চিত করে গণপরিবহন চলবে।

বিআরটিএ-এর উপ-পরিচালক (এনফোর্সমেন্ট) মোহাম্মাদ আব্দুর রাজ্জাক বলেন, গত ৩ মে যে প্রজ্ঞাপন জারির মাধ্যমে শর্ত দিয়ে গণপরিবহন চলাচলের নির্দেশনা দেয়া হয়েছিল, সেগুলো ঈদেও মানতে হবে। সূত্র- বিডি-প্রতিদিন

করোনায় বিপাকে চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার গো-খামারী

চলমান করোনা পরিস্থিতিতে দেড় লাখ গবাদিপশু নিয়ে বিপাকে পরেছেন চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার খামারী। কোরবানী উপলক্ষে বছর জুড়ে লালন-পালন করা গবাদিপশু, খামারীদের কাছে গলার কাঁটায় পরিণত হয়েছে। খুচরা ক্রেতা ও বেপারিদের অপেক্ষায় প্রহর গুণছেন ছোট-বড় খামারীর। কোরবানীর ঈদ যতই ঘনিয়ে আসছে খামারীদের কপালে দুশ্চিন্তার রেখাও তত স্পষ্ট হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছর চুয়াডাঙ্গা জেলায় ১৮ হাজার গরু-মহিষ এবং ৫০ হাজার ছাগল-ভেড়াসহ কোরবানীর পশুর চাহিদা রয়েছে প্রায় ৬৮ হাজার। এর বিপরীতে জেলার সাত হাজার ৩৩৭টি খামারে গবাদিপশু রয়েছে এক লাখ ৫০ হাজার ২১২টি। এর মধ্যে ৩৮ হাজার ৮৪৯টি গরু-মহিষ এবং এক লাখ ১১ হাজার ৩৬৩টি ছাগল-ভেড়া রয়েছে।

গত পাঁচ বছরের পরিসংখ্যান বলছে, প্রতি বছরই চুয়াডাঙ্গা জেলায় কোরবানীর পশুর চাহিদা অনন্ত পাঁচ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সে হিসেবে এ বছর জেলার খামারীদের পশুর সংখ্যাও বেড়েছে। তবে বিশ^ব্যাপি করোনা পরিস্থিতিতে বদলে গেছে সব হিসাব-নিকাশ। খামারের গবাদিপশু বিক্রি হবে না-কি থেকে খামারে তা নিয়ে দুশ্চিতায় খামারীরা।

চুয়াডাঙ্গা সদর উপজেলার নীলমণিগঞ্জ গ্রামের খামারী আবু বক্কর সিদ্দিক জানান, করোনা পরিস্থিতির কারণে কয়েক মাস আগে থেকেই গবাদিপশুর খাবারের দাম বেড়ে যায়। এতে খামারীদের খরচ বেড়েছে। অন্যদিকে করোনা পরিস্থিতির কারণে বেপারী ও খুচরা ক্রেতাদের দেখা মিলছে কালে ভদ্রে। সে হিসাবে এখনও চাহিদা মাফিক বেচাকেনা করতে পারেন-নি জেলার খামারীরা।

প্রাণী সম্পদ বিভাগের মতে, স্থানীয় চাহিদার চেয়ে জেলায় অন্তত আশি হাজার গবাদিপশু বেশি রয়েছে। অন্য বছরের মতো এবছর যদি জেলার পশু সারাদেশে ছড়িয়ে দেয়া না যায়, তবে খামারীরা ক্ষতিগ্রস্ত হবেন। তবে ইতিমধ্যেই জেলা প্রশাসন ও প্রাণী সম্পদ বিভাগ অনলাইন পশুহাটসহ বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। যাতে করে খামারীরা তাদের গবাদিপশু বিক্রি করতে পারেন।

চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. এএইচএম শামিমুজ্জামান বাংলাদেশ প্রতিদিনকে বলেন, করোনা পরিস্থিতির কারণে খামারীরা কিছুটা শঙ্কায় রয়েছেন। তবে জেলা প্রাণী সম্পদ বিভাগ জেলা প্রশাসনের সাথে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। যাতে খামারীরা তাদের পালিত গবাদিপশু যথাসময়ে এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করেই বিক্রি করতে পারেন।

এর মধ্যে অনলাইন পশুহাট পরিচালনা ছাড়াও চলমান হাটগুলোতে প্রাণী সম্পদ বিভাগের কর্মী নিয়োগের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে সুস্থ পশু বেচাকেনায় সহযোগিতা করা হচ্ছে।

দামুড়হুদায় ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল আটক

দামুড়হুদা থানা পুলিশের ঝটিকা অভিযানে সিআর ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল ইসলাম ওরফে বাবুকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

মঙ্গলবার (২১ জুলাই) মধ্যরাতে আটক করেছে পুলিশ। আটককৃত আক্তারুল ইসলাম বাবু দামুড়হুদা উপজেলার চন্দ্রবাস গ্রামের মো: কাদের বিশ্বাসের ছেলে।

পুলিশ সূত্র জানা- গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনর্চাজ ওসি মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এ এসআই সাঈদজ্জামান, এ এস আই মো: মুজিবর রহমান সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে নিজ বাড়ী চন্দ্রবাস গ্রামে অভিযান চালিয়ে আটক করেছেন পুলিশ।

আটককৃত আক্তারুল ইসলামের দামুড়হুদা থানার একটি সিআর মামলায় আদালত তাকে ওয়ারেন্টভুক্ত গ্রেফতারী পরোয়ানা দেয়। দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল মঙ্গলবার মধ্যরাতে নিজ বাড়ি অভিযান চালিয়ে তাকে আটক করে।

দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক জানান।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে সড়ক দুর্ঘটনায় সজীব বিশ্বাস (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

বুধবার বিকেলে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তাঁতীবন্দ নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত সজীব বিশ্বাস মিরপুর উপজেলার নয়নপুর এলাকার আব্দুল আজিজের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, বিকেল সাড়ে ৪ টার দিকে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহর থেকে বাড়ীর দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে তাঁতীবন্দ নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান।

ঘটনাস্থল পুলিশ পাঠানো হয়েছে বলেও জানান তিনি।